

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৩৭

পর্ব - ১% পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯. তায়াম্মুম (মাটির সাহায্যে পবিত্রতা অর্জন) - এক তায়াম্মুম দ্বারা কেবল মাত্র এক ওয়াক্ত সালাত পড়া যায়

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: مِنْ السُّنَّةِ أَنْ لَا يُصلِّيَ الرَّجُلُ بِالتَّيَمُّمِ إِلَّا صلَاةً وَاحِدَةً, ثُمَّ يَتَيَمَّمُ لِلصَّلَةِ الْأُخْرَى. رَوَاهُ الدَّارَقُطْنِيُّ بِإِسْنَادٍ ضَعِيفٍ جِدًّا

ضعيف جدا. رواه الدارقطني (185)

বাংলা

১৩৭। ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, 'সুন্নাত (পদ্ধতি) হচ্ছে মানুষ তায়াম্মুম দ্বারা মাত্র এক ওয়াক্তেরই সালাত আদায় করবে তারপর অন্য সালাতের জন্য আবারো তায়াম্মুম করবে।' দারুকুৎনী অতি দূর্বল সানাদে।[1]

English

Narrated Ibn `Abbas (RAA):

It is from the Sunnah of the Prophet (ﷺ) for the man to pray only one prayer with each Tayammum, and then perform Tayammum for the next prayer.

[Reported by Ad-Daraqutni but with a very weak chain of narrators]

ফুটনোট

[1] অত্যন্ত দুর্বল। দারাকুতনী ১৮৫; ইমাম বাইহাকী তাঁর সুনান আল কুবরা (১/২২২) গ্রন্থে, ও আল খিলাফিয়্যাত (১/৪৬৫) গ্রন্থে, ইবনুল মুলকিন তার (২/৬৭৪) গ্রন্থে বলেন, ইমাম সনআনী তার সুবুলুস সালাম (১/১৫৫) গ্রন্থে



এর সনদে আল হাসান বিন আম্মারাহ রয়েছেন, যাকে ইমাম দারাকুতনী দুর্বল বলেছেন। শাইখ আলবানী সিলসিলাহ যঈফা (৪২৩) গ্রন্থে হাদীসটিকে জাল বলেছেন। মুহাদ্দিস আযীমাবাদী তাঁর গায়াতুল মাকসূদ (৩/২০৮) গ্রন্থে বলেন, ইবনুল মাদীনী আল হাসান বিন আম্মারাহকে হাদীস জালকারী হিসেবে অভিযুক্ত করেছেন। আহমাদ, মুসলিম ও আবু হাতিম উক্ত রাবীকে মাতরূক হিসেবে আখ্যায়িত করেছেন। ইবনু হাজার তার তালখীসূল হাবীর (১/২৪১) গ্রন্থে হাদীসটিকে অত্যন্ত দুর্বল বলেছেন। ইমাম ইবনু কাসীর তাঁর ইরশাদুল ফাকীহ (১/৭৫) গ্রন্থে বলেন, আল হাসান বিন আম্মারাহকে একেবারেই পরিত্যাক্ত বলে মন্তব্য করেছেন। শু'বাহ তাকে মিথ্যাবাদী ও হাদীস জালাকারী হিসেবে অভিযুক্ত করেছেন। এরপরেও ইমাম দারাকুতনী কয়েকটি উত্তম সনদসহকারে হাদীসটিকে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন